

শুনশান পুরীর সমুদ্রসৈকত। ছবি: পিটিআই

কাঁপছে পুরী, সৈকত খাঁখাঁ

● ১ পাতার পর

ঘূর্ণিঝড়টি শুক্রবার গোপালপুর ও পুরীর মধ্যবর্তী কোনও স্থান দিয়ে উপকূল অতিক্রম করতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। পুরীর সব পর্যটনস্থল, সমুদ্রসৈকত তিন দিনের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। মুখ্যসচিব জানান, গোপালপুর, পুরী, সতপদা ও চিল্কা-সহ উপকূল এলাকায় পর্যটকদের যাতায়াত নিষিদ্ধ করা হয়েছে এবং মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। ভুবনেশ্বর আবহাওয়া কেন্দ্রের অধিকর্তা মনোরমা মোহান্তি জানিয়েছেন, বুধবার রাত থেকেই উপকূলীয় ও দক্ষিণাঞ্চলীয় জেলাগুলিতে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত শুরু হয়। ঘূর্ণিঝড়টি উপকূলের যত কাছে আসবে, বৃষ্টি তত বাড়বে। সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে, রেল কর্তৃপক্ষ বিশাখাপত্তনম ও কোরাপুট রুটে বৃহস্পতিবার ও শুক্রবারের দুটি ট্রেন বাতিল করেছে। গর্গ বলেন, 'মৌসম ভবনের পূর্বাভাস অনুযায়ী, ঘূর্ণিঝড় 'আকবান' শুক্রবার দুপুরের মধ্যে উত্তর অন্ধ্রপ্রদেশ ও দক্ষিণ ওড়িশা উপকূলের নরসাপুর ও পুরীর মধ্যবর্তী অঞ্চল দিয়ে গোপালপুরের পূর্ব দিকে অতিক্রম করতে পারে। এ সময় বাতাসের গতিবেগ ঘণ্টায় ৯০–১০০ কিলোমিটার থাকতে পারে। সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ১১০ কিলোমিটার পর্যন্ত পৌঁছতে পারে। রাজস্ব ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী সুরেশ পূজারি জানান, পাঁচটি জেলায় অন্তত ৯৪১টি স্থান চিহ্নিত করা হয়েছে, যেখানে ভূমিধসের ঝুঁকি রয়েছে। পাহাড়ের চূড়া ও পাদদেশের গ্রামগুলিতে বসবাসরত মানুষদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হচ্ছে। অন্য দিকে, পুরীর জগন্নাথ মন্দির কর্তৃপক্ষ জানিয়েছেন, পুরীর শ্রী গুণ্ডিচা মন্দির ১৯ থেকে ২১ নভেম্বর পর্যন্ত দর্শনার্থীদের জন্য বন্ধ থাকবে। তবে জগন্নাথ মন্দির খোলা থাকবে। সেখানে নিত্যপুজো ও আচার-অনুষ্ঠান যথারীতি পালিত হবে। ভুবনেশ্বরের নন্দনকানন জুলজিক্যাল পার্ক এবং সংলগ্ন স্টেট বটানিক্যাল গার্ডেন ১৯ ও ২০ নভেম্বর পর্যটকদের জন্য বন্ধ থাকবে বলে কর্মকর্তারা জানিয়েছেন।

উৎপাদন, রপ্তানি বৃদ্ধির ডাক মোদির

আজকালের প্রতিবেদন

দিল্লি, ১৯ নভেম্বর

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কঠোর প্রশ্নের মুখে পড়লেন দেশের শিল্পপতিরা। বৃহস্পতিবার ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ফিকি) বার্ষিক সাধারণসভায় উপস্থিত শিল্পপতিদের উদ্দেশে বলেন, 'সব সময় আপনারা বলতে থাকেন, মোদিজি, এটা করুন, ওই করে ছাড় দিন। সরকার আপনাদের করে ছাড় দিচ্ছে, অথচ আপনারা আনুপাতিক হারে কর্মসংস্থান বাড়াচ্ছেন না, কর্মীদের বেতন বাড়াচ্ছেন না।' তাঁর প্রশ্ন, মানুষের ক্রয়ক্ষমতা না বাড়ালে বাজারের অর্থনীতি বাড়বে কেমন করে? এদিন মোদি বলেন, বাণিজ্যিক পরিবেশ উন্নত করতে সরকার বেশ কিছু পদক্ষেপ করেছে। কর্পোরেট কর ৩০ শতাংশ থেকে কমিয়ে ২২ শতাংশ করেছে। এরপরেই তিনি শিল্পপতিদের উদ্দেশে বলেন, 'আমি খুব ভাল করে জানি, আমার কথা শুনে আপনারা হাততালি দেবেন না। আসলে, আপনাদের খিদে এতটাই যে, আপনাদের যতই দেওয়া হোক না কেন, আপনাদের খিদে মিটবে না।' শিল্পপতিদের উদ্দেশে প্রধানমন্ত্রীর কড়া প্রশ্ন, 'এভাবেই কী চলবে?' প্রধানমন্ত্রীর কথায়, শুধু দেশের ১৪০ কোটি মানুষের বাজারের ওপর নির্ভর করে থাকলে চলবে না। দেশীয় বাজারের গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতায় নামতে হবে ভারতীয় শিল্পসংস্থাগুলিকে। উৎপাদন বৃদ্ধি, পণ্যের মূল্য সংযোজন এবং রপ্তানি সম্প্রসারণের ওপর জোর দেন তিনি। একই সঙ্গে আগামী ২০ বছরের প্রতিটি দীর্ঘমেয়াদি বিনিয়োগের ক্ষেত্রে 'ইন্ডিয়া ফার্স্ট' নীতিকে ভিত্তি করার আহ্বান জানান তিনি।

আর্থিক শৃঙ্খলা, সঞ্চয়ে জোর মোদির

আজকালের প্রতিবেদন

দিল্লি, ১৯ নভেম্বর

ভারতের সংস্কৃতি ভোগবিলাসের নয়, বরং সঞ্চয়ের। 'খাও, পিয়ো, মৌজ করো'— এই মানসিকতায় বিশ্বাস করে না ভারতীয় সমাজ। কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে মন্ত্রীদের এমনই বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। একই সঙ্গে সতর্ক করে তিনি বলেন, আর্থিক শৃঙ্খলা বজায় রাখতে ব্যর্থ হলে দারিদ্র থেকে বেরিয়ে আসা মানুষেরা ফের দারিদ্রের কবলে পড়তে পারেন। জানা গিয়েছে, কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে সঞ্চয়ের গুরুত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, দেশের প্রায় ৫০ কোটি মানুষকে দারিদ্র থেকে বের করে আনা একটি বড় সাফল্য। ২০১১ থেকে ২০২৩ সালের মধ্যে এই অগ্রগতি অর্জিত হয়েছে। শুধু মানুষকে দারিদ্রসীমার বাইরে নিয়ে আসাই যথেষ্ট নয় বলে সতর্ক করেন প্রধানমন্ত্রী। তাঁদের যাতে নতুন করে দারিদ্রের মধ্যে ফিরে যেতে না হয়, তার জন্য ধারাবাহিক প্রচেষ্টা এবং আর্থিক শৃঙ্খলা বজায় রাখা অত্যন্ত জরুরি বলে তিনি জানান।

ইপিএফ থেকে টাকা তোলা আরও সহজ

আরও সহজ হল ইপিএফ থেকে টাকা তোলার নিয়ম। নতুন নিয়মে ৫৫ বছর বয়সের আগেই তোলা যাবে জমা টাকার ৯০ শতাংশ। বৃহস্পতিবার এই প্রস্তাবে সম্মতি দিয়েছে ইপিএফও। নতুন নিয়মে ৫৫ বছর বয়স পর্যন্ত কর্মীরা তহবিলে তাঁদের জমা টাকার ন্যূনতম ১০ শতাংশ পর্যন্ত রাখতে পারবেন। ৫৫ বছর বয়সের আগেই জমা অর্থের ৯০ শতাংশ পর্যন্ত তোলা যাবে। বৃহস্পতিবার দিল্লিতে ইফিএফওর সেন্ট্রাল বোর্ড অফ ট্রাস্টিজের বৈঠকে এই সিদ্ধান্ত হয়েছে। তবে অবসরের পর একসঙ্গে পুরো টাকা তোলার নিয়মও থাকছে। নতুন নিয়মে কোনও কর্মীর কাজ চলে গেলে, ইপিএফে টাকা তোলার জন্য অপেক্ষার সময়সীমাও কমিয়ে আনা হয়েছে। সদস্যপদ পাওয়ার পর দু'মাস পেরোলেই গ্রাহকেরা তাঁদের জমা টাকা তুলে নিতে পারবেন।

রাষ্ট্রপুঞ্জের সংস্কার, জ্বালানি, পরমাণু ইস্যু: সহমত ট্রাম্প, শি, পুতিন

সংবাদ সংস্থা

শেনজেন, ১৯ নভেম্বর

চীন, রাশিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্র বৃহস্পতিবার চীনের শেনজেনের ঐতিহাসিক বৈঠকে একমত হয়েছে যে, তারা তিন পক্ষ মিলে রাষ্ট্রপুঞ্জে সংস্কারের চেষ্টা চালাবে। বিশ্ব জুড়ে জ্বালানি তেলের সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে ব্যবস্থা নেবে। এবং পরমাণু যুদ্ধের ঝুঁকি কমাতে আলোচনা চালাবে। বৈঠক শেষে একথা জানিয়েছেন রাশিয়া ও চীনের আধিকারিকেরা। তিন দেশই এদিন নিশানা করেছে আন্তর্জাতিক অপরাধ আদালতকে। বলেছে, রাষ্ট্রের পদাধিকারীদের এই আদালত বিচার করতে পারবে না। আদালত যাতে তাদের এক্তিয়ারের বাইরে না যায়, সেই হুঁশিয়ারিও দেওয়া হয়েছে। ট্রাম্প এদিন বলেন, তাঁদের তিনজনের বৈঠকে সত্যিই ইতিহাস সৃষ্টি করছে। একমাত্র আমেরিকা, রাশিয়া ও চীনই পারে পরমাণু অস্ত্রভাণ্ডার নিয়ে আলোচনা করতে। পুতিন বলেন, আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা রক্ষার দায়িত্ব এই তিন দেশের। শি পরমাণু অস্ত্র উৎপাদন নিষিদ্ধ ও ধ্বংস করার কথা বলেন। এদিনের এই ঘোষণার আগে শেনজেনে বৈঠকে বসেন ট্রাম্প, শি ও পুতিন। বিশেষজ্ঞদের বক্তব্য, এই বৈঠক হয়ে উঠতে পারে বিশ্ব-ইতিহাসের গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণ। অথবা দ্রুত সবাই ভুলেও যেতে পারে এই বৈঠককে। তবে তিন নেতার ঘোষণাপত্রে ইরান কিংবা ইউক্রেন যুদ্ধের কোনও উল্লেখ নেই। পরে শি বলেন, বৈঠক 'ইতিবাচক, গঠনমূলক ও ফলপ্রসূ' হয়েছে। শি আগেই বলেছিলেন এই বৈঠকের উদ্দেশ্য হল বিশ্বশান্তি প্রতিষ্ঠা করা। এদিনের বৈঠকের আগে শি-এর সঙ্গে আলাদা করে এক ঘণ্টা বৈঠক করেন ট্রাম্প। এদিন পুতিনের সঙ্গেও আলাদা বৈঠক করেন ট্রাম্প। আলাস্কার পর এই প্রথম বৈঠক করলেন দুই নেতা।

Jiwanram Sheoduttrai Industries Limited
CIN: L17111WB1997PLC085533
Registered Office: 30D, Jawaharlal Nehru Road, Kolkata-700026
Corporate Office: Module 301, Shilpangan, Phase-1, LB-1, Salt Lake, Sector-3, Kolkata-700098
Phone No.: 033-40169500 Fax: 033-40169502
E-mail: cs@jiwan.co.in

NOTICE AND INFORMATION REGARDING 29TH ANNUAL GENERAL MEETING

Notice is hereby given that the 29th Annual General Meeting ("AGM") of Jiwanram Sheoduttrai Industries Limited ("Company") will be held on **Monday 30th November, 2026 at 01:00 P.M. (IST)** through Video Conferencing/Other Audio-Visual Means ("VC/OAVM") in compliance with the provisions of the Companies Act, 2013 ("Act") read with the circulars issued by the Ministry of Corporate Affairs, Government of India vide Circular Nos. 14/2020 dated 8th April, 2020, 17/2020 dated 13th April, 2020, 20/2020 dated 5th May, 2020, 2/2022 dated 5th May, 2022, 10/2022 dated 28th December, 2022, 09/2023 dated 25th September, 2023, 09/2024 dated 19th September, 2024, 03/2025 dated 22nd September, 2025 and other relevant circulars ("MCA Circulars") and read with Securities and Exchange Board of India ("SEBI") Circular No. SEBI/HO/CFD/CFD-PoD-2/P/CIR/2024/133 dated 3rd October, 2024 ("SEBI Circular") and other relevant circulars issued by SEBI, to transact the business as set forth in the Notice of 29th AGM.

Notice of the 29th Annual General Meeting (AGM) along with the Annual Report for the financial year 2025–26 has been published / made available on the website of the stock exchange, and the subsequent dispatch of the same through electronic mode is being made to all members whose e-mail addresses are registered with the Company, its Registrar and Transfer Agent (RTA), or their respective Depository Participant(s) (DPs).

The notice convening the 29th AGM along with annual report for the financial year 2025-26 would be hosted on the website of the Company at **www.jiwanramgroup.com**, website of National Stock Exchange of India Limited at **www.nseindia.com**, and website of Central Depository Services (India) Limited ("CDSL") at **www.evotingindia.com**.

The Company has appointed CDSL to provide VC/OAVM facility for the AGM and also as a service provider to provide the electronic voting facility for the AGM. Members attending the AGM through VC/OAVM shall be reckoned for the purpose of quorum under section 103 of the Act. The Company does not have any shareholders who are holding shares in physical mode therefore accordingly instructions for shareholders holding shares in physical mode has not been given in this newspaper advertisement.

In compliance with section 108 of the Act and Companies (Management and Administration) Rules, 2014, members are hereby informed that:

1. All the business as set out in the Notice of 29th AGM shall be transacted through e-voting only, i.e., through remote e-voting and/or e-voting during AGM;
2. Remote e-voting shall commence on, Friday, the 27th November, 2026 at 9:00 A.M. (IST) and close on Sunday, the 29th November, 2026 at 5:00 P.M. (IST).
3. Remote e-voting shall be blocked at 5:00 P.M. (IST) on Sunday, the 29th November, 2026 and no member shall be allowed to cast vote through remote e-voting thereafter;
4. Once the vote on a resolution is cast by a member, he/she will not be allowed to change it subsequently or cast vote again;
5. A member may participate in AGM even after exercising his/her right to vote through remote e-voting but shall not be allowed to vote again during the AGM;
6. A person whose name is recorded in the Register of Members or in the Register of Beneficial Owners maintained by the RTA/Depositories as on the cut-off date, i.e., Monday 23rd November, 2026, only shall be entitled to avail the facility of remote e-voting as well as e-voting during AGM.
7. A person who has acquired shares and become members of the company after the dispatch of notice may obtain the login ID and password by writing an email to **helpdesk.evoting@cdslindia.com** or contact to toll free no. 1800 21 09911 (CDSL);
8. The manner in which the Company shall provide for voting by members present at the AGM is provided in the Notice of the AGM;
9. The Board of Directors have appointed Mr. Arvind Bajpai (Membership No. FCS 10905) and C.P. No. 11186), Practicing Company Secretary as the Scrutinizer to scrutinize the remote e-voting for the AGM and e-voting during the AGM in a fair and transparent manner.
10. All grievances connected with the facility for voting by electronic means may be addressed to Central Depository Services (India) Limited, A Wing, 25th Floor, Marathon Futurex, Mafatlal Mill Compounds, N M Joshi Marg, Lower Parel (East), Mumbai-400013 or send an email to **helpdesk.evoting@cdslindia.com** or call toll free no. 1800 21 09911.

By Order of the Board of Directors
Jiwanram Sheoduttrai Industries Limited
Sd/-
Alok Prakash
Managing Director
DIN-00375634
Date: 07/11/2026
Place: Kolkata

কেনরা ব্যাঙ্ক Canara Bank — সিন্ডিকেট Syndicate

পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] [১৩(৪) নং ধারা)] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

বাসুদেবপুর শাখা
পোঃঅঃ– চাচণ্ড, ভায়া– নিমতিতা, পিন–৭৪২২২৪

কানাড়া ব্যাঙ্ক, বাসুদেবপুর শাখা-এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট ৫৪/২০০২) [এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' রূপে উল্লিখিত]-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **২৭.০৮.২০২৬** তারিখ সংবলিত একটি **দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক বাবদ **₹১১,০৮,২৮২.২০** (এগারো লক্ষ আট হাজার দুশো বিরাশি টাকা এবং কুড়ি পয়সা মাত্র) আদায় দেওয়ার জন্য **ঋণগ্রহীতা ও বন্ধকদাতা সেলিম রেজা,** পিতা হায়াত আলি, গ্রাম লাহারিয়া, পোঃ/থানা ফরাক্কা, ইমাম নগর গ্রাম পঞ্চায়েতের অধীন, ওকটিয়া মসজিদের নিকটে, জেলা মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন-৭৪২২২৪ এবং **সহ-ঋণগ্রহীতা ও বন্ধকদাতা: কৌসর আলি,** পিতা হায়াত আলি, গ্রাম লাহারিয়া, পোঃ/থানা-ফরাক্কা, ইমাম নগর গ্রাম পঞ্চায়েতের অধীন, ওকটিয়া মসজিদের নিকটে, জেলা মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন-৭৪২২২৪-এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত ঋণগ্রহীতার জ্ঞার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **১৯ নভেম্বর, ২০২৬** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন ₹১১,০৮,২৮২.২০ (এগারো লক্ষ আট হাজার দুশো বিরাশি টাকা এবং কুড়ি পয়সা মাত্র) এবং তার উপর সুদ সমেত **কানাড়া ব্যাঙ্ক, বাসুদেবপুর শাখার** প্রতি দায় সাপেক্ষ হবে।

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ: জমি ও বাড়ির সম্পত্তির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মাপ ৪.৫ ডেসিমেল, মৌজা বল্লালপুর, জে এল নং ৪৯, প্লট নং আর এস ২১৬, এল আর ১৫০, খতিয়ান নং এল আর ৪৭৩৩/৪৭৪২, ইমাম নগর গ্রাম পঞ্চায়েতের অধীন। **স্বত্বধারক: মহঃ সেলিম রেজা ও মহঃ কৌসর আলি। উক্ত সম্পত্তির চৌহদ্দি:** উত্তর: ১০ ফুট চওড়া কাঁচা রাস্তা; দক্ষিণ: সরিফুল ইসলাম; পূর্ব: এরফান আলি; পশ্চিম: রাস্তা।

তারিখ: ১৯.১১.২০২৬ — **অনুমোদিত আধিকারিক**
স্থান: বাসুদেবপুর — **কানাড়া ব্যাঙ্ক**

পাঞ্জাব নেশনাল ব্যাঙ্ক punjab national bank — **দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য) [রুল ৮(১) দ্রষ্টব্য]**

পূর্ব মেদিনীপুর সি ও স্যাম: পদুমবসান, তমলুক–৭২১৬৩৬
ই-মেল: copurbmedsam@pnb.bank.in

যেহেতু,

নিম্নস্বাক্ষরকারী, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক** হিসেবে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-এর সহ পঠনীয় ধারা ১৩(১২)-এর অধীনে অর্পিত ক্ষমতাবলে, **২১.০৭.২০২৬ তারিখে একটি দাবি বিজ্ঞপ্তি জারি করে ঋণগ্রহীতা ও বন্ধকদাতা: মিঃ বিজু পাত্র,** পিতা- প্রয়াত কালীপদ পাত্র এবং **সহ-ঋণগ্রহীতা ও বন্ধকদাতা: মিঃ চন্দন পাত্র,** পিতা- প্রয়াত কালীপদ পাত্র, ঠিকানা- গ্রাম- আমগাছিয়া, পোঃঅঃ- মঙ্গলামারো, থানা- পটাশপুর, পূর্ব মেদিনীপুর- ৭২১৪৩৪-কে উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত বকেয়া অর্থের পরিমাণ **₹১৪,৯৬,৫০০.০০** (চোদ্দ লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশ টাকা মাত্র) তৎসহ প্রযোজ্য সুদ বিজ্ঞপ্তির তারিখ/উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার জন্য আহ্বান জানিয়েছিলেন।

ঋণগ্রহীতা উক্ত অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সর্বসাধারণকে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮-এর সাথে পঠিত উক্ত আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৪)-এর অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে **১৭ নভেম্বর, ২০২৬** তারিখে নিম্নবর্ণিত সম্পত্তির দখল গ্রহণ করেছেন।

বিশেষত ঋণগ্রহীতা এবং সর্বসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে, উক্ত সম্পত্তি নিয়ে কোনো প্রকার লেনদেন করবেন না এবং এই সম্পত্তি সংক্রান্ত যেকোনো লেনদেন **₹১৪,৯৬,৫০০.০০** (চোদ্দ লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশ টাকা মাত্র) তৎসহ প্রযোজ্য সুদ বাবদ **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, মঙ্গলমারো (২১৩০০০)**-এর দায়বদ্ধতার অধীন হবে।

সুরক্ষিত সম্পত্তি পুনরুদ্ধারের জন্য প্রাপ্ত সময়সীমা সম্পর্কে ঋণগ্রহীতা/জামিনদার/বন্ধকদাতার দৃষ্টি উক্ত আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৮)-এর বিধানের প্রতি আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ: জমি ও বাড়ির সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা- আমগাছিয়া, জে এল নং ১৮০, এল আর খতিয়ান নং ৩২৯৭ ও ৩২৯৫, আর এস ও এল আর প্লট নং ৩৯৪, জমির প্রকৃতি- বাস্তু, জমির পরিমাপ- ৬.৩০ ডেসিমেলের মধ্যে মোট ০৬ ডেসিমেল, থানা- পটাশপুর, জেলা- পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, ০৮.০২.২০২৩ তারিখের বিক্রয় দলিল নং I-১৭৮৭/২০২৩ (পরিমাপ ৩.৮০ ডেসিমেল) এবং ১৭.০৫.২০২৪ তারিখের দানপত্র দলিল নং I-৪০১২/২০২৪ (পরিমাপ ২.৫৩৪ ডেসিমেল) **অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: শ্রী বিজু পাত্র ও শ্রী চন্দন পাত্র,** উভয়ের পিতা- প্রয়াত কালীপদ পাত্র। **চৌহদ্দি:** উত্তর- সুশান্ত পাত্রের বাড়ি; দক্ষিণ- এজমালি পুকুর; পূর্ব- সনাতন পাত্রের ফাঁকা জমি; পশ্চিম- ৬ ফুট চওড়া রাস্তা।

তারিখ: ১৭.১১.২০২৬ — **অনুমোদিত আধিকারিক**
স্থান: তমলুক — **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সি ও স্যাম- পূর্ব মেদিনীপুর**

পাঞ্জাব নেশনাল ব্যাঙ্ক punjab national bank — **দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য) [রুল ৮(১) দ্রষ্টব্য]**

পূর্ব মেদিনীপুর সি ও স্যাম: পদুমবসান, তমলুক–৭২১৬৩৬
ই-মেল: copurbmedsam@pnb.bank.in

যেহেতু,

নিম্নস্বাক্ষরকারী, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক** হিসেবে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর বিধি ৩-এর সাথে পঠিত ধারা ১৩(১২)-এর অধীনে অর্পিত ক্ষমতাবলে, **২৯.০৭.২০২৬ তারিখে একটি দাবি বিজ্ঞপ্তি জারি করে ঋণগ্রহীতা: শ্রী সাদ্দাম আলি খান,** পিতা- শ্রী ইসলাম আলি খান এবং **সহ-ঋণগ্রহীতা ও বন্ধকদাতা: শ্রী ইসলাম আলি খান,** পিতা- প্রয়াত মনসুর আলি খান, ঠিকানা- রঘুরামপুর, পোঃ- দারুয়া, থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন- ৭২১৪০১-কে উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত বকেয়া অর্থের পরিমাণ **₹৪,৩৯,৩২৯.৯০** (চার লক্ষ উনচল্লিশ হাজার তিনশত উনত্রিশ টাকা নব্বই পয়সা) তৎসহ প্রযোজ্য সুদ বিজ্ঞপ্তির তারিখ/উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার জন্য আহ্বান জানিয়েছিলেন।

ঋণগ্রহীতা উক্ত অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সর্বসাধারণকে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর বিধি ৮-এর সাথে পঠিত উক্ত আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৪)-এর অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে **১৭.১১.২০২৬** তারিখে নিম্নবর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ঋণগ্রহীতা এবং সর্বসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে, উক্ত সম্পত্তি নিয়ে কোনো প্রকার লেনদেন করবেন না এবং এই সম্পত্তি সংক্রান্ত যেকোনো লেনদেন **₹ ৪,৩৯,৩২৯.৯০** (চার লক্ষ উনচল্লিশ হাজার তিনশত উনত্রিশ টাকা নব্বই পয়সা) তৎসহ প্রযোজ্য সুদ বাবদ **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, আলাদারপুট (০৯২১২০)**-এর দায়বদ্ধতার অধীন হবে।

সুরক্ষিত সম্পত্তি পুনরুদ্ধারের জন্য প্রাপ্ত সময়সীমা সম্পর্কে ঋণগ্রহীতা/জামিনদার/বন্ধকদাতার দৃষ্টি উক্ত আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৮)-এর বিধানের প্রতি আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ: জমি ও বাড়ির সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা- রঘুরামপুর, জে এল নং ৪৮০, খতিয়ান নং ৬৫০, প্লট নং (আর এস) (এল আর) ৭১, জমির প্রকৃতি- বাস্তু, জমির পরিমাপ- ৩৩ ডেসিমেলের মধ্যে ০৫ ডেসিমেল, থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর, ১৯.১১.১৯৯১ তারিখের দানপত্র দলিল নং I-১০০৫৫ অনুযায়ী।
সম্পত্তির স্বত্বধারক: শ্রী ইসলাম আলি খান। চৌহদ্দি: উত্তর- গ্রামীণ রাস্তা; দক্ষিণ- প্লট নং ৭১-এর অবশিষ্ট অংশ; পূর্ব- প্লট নং ৭২; পশ্চিম- প্লট নং ৭৩/৮৯৫, ৭৩।

তারিখ: ১৭.১১.২০২৬ — **অনুমোদিত আধিকারিক**
স্থান: তমলুক — **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সি ও স্যাম – পূর্ব মেদিনীপুর**

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank — **এলাহাবাদ ALLAHABAD**

স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট ব্রাঞ্চ ৩ নং ফ্লোর, পরশ কমপ্লেক্স, লালপুর, সার্কুলার রোড, রাঁচি–৮৩৪০০১

পরিশিষ্ট IV-A [রুল ৬(২) ও ৮(৬)-এর সংস্থান সহ রুল ৯(১) এর সংস্থান দ্রষ্টব্য]
স্থাবর/ অস্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৬(২) ও ৮(৬)-এর সংস্থানসহ রুল ৯(১) এর সংস্থান সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর/ অস্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ-সহ বিশেষত সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ ও নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) **মেসার্স মাতেশ্বরী ইটেবলস প্রাইভেট লিমিটেড,** ইহার ডিরেক্টরের মাধ্যমে শ্রী রাজেশ কুমার, পিতা- বালেশ্বর সাহু (বর্তমানে মৃত), শ্রীমতী সীমা দেবী, স্বামী- শ্রী রাজেশ কুমার এবং শ্রী অমলেশ সাউ, পিতা- শ্রী বাবু লাল সাউ; জামিনদারগণ: শ্রীমতী সীমা দেবী, স্বামী- শ্রী রাজেশ কুমার (বন্ধকদাতা শ্রী রাজেশ কুমার, বর্তমানে মৃত এর আইনি উত্তরাধিকারী) এবং প্রয়াত রাজেশ কুমারের এস্টেটের প্রতিনিধিত্বকারী আইনি উত্তরাধিকারীগণ-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, **ইন্ডিয়ান ব্যাঙ্ক, এসএএম রাঁচি শাখা (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক),** সুরক্ষিত ঋণদাতা-এর অনুমোদিত আধিকারিক **মেসার্স মাতেশ্বরী ইটেবলস প্রাইভেট লিমিটেড,** ভাণ্ডারিডিহ, বাক্সিডিহ রোড, গিরিডি, জেলা- গিরিডি, পিন-৮১৫৩০১; এর ডিরেক্টরগণের মাধ্যমে: শ্রী রাজেশ কুমার, পিতা- বালেশ্বর সাহু (বর্তমানে মৃত); শ্রীমতী সীমা দেবী, স্বামী- শ্রী রাজেশ কুমার এবং শ